

B.A. Semester I (General) Examination, 2018-19**BENGALI****Course ID: 10118****Course Code: APBNG-101C-1A**

Course Title: সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

Time: 2 Hours**Full Marks: 40**

*The figures in the right hand side margin indicate marks.
Candidates are required to give their answers in their own words
as far as practicable.*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০
- (ক) চর্যাপদের আসল নাম কী? এর টীকাকারের নাম লেখো। ১+১=২
- (খ) তুর্কি আক্রমণের সময় বাংলাদেশের রাজা কে ছিলেন? তাঁর সভাকবির নাম কী? ১+১=২
- (গ) চৈতন্য পূর্ববর্তী দু'জন বৈষ্ণব কবির নাম লেখো। ২
- (ঘ) চৈতন্যদেবের জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো। ২
- (ঙ) রামায়ণের শ্রেষ্ঠ বাংলা অনুবাদক কে? তাঁর গ্রন্থের নাম কী? ১+১=২
- (চ) কাশীরাম দাস মহাভারতের ক'টি পর্ব অনুবাদ করেন? সেগুলির নাম লেখো। ১+১=২
- (ছ) মনসামঙ্গল কাব্যের কয়টি ধারা ও কী কী? ১+১=২
- (জ) ধর্মমঙ্গল কাব্যের আদি কবি কে? তাঁর কাব্যগ্রন্থের নাম কী? ১+১=২
- (ঝ) 'মৈথিল কোকিল' কাকে বলা হয় ও কেন? ১+১=২
- (ঞ) মালাধর বসুর উপাধি কী ছিল? তাঁকে কে এই উপাধি দিয়েছিলেন? ১+১=২
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০
- (ক) চর্যাপদের পূর্ববর্তী যে সংস্কৃত-অপভ্রংশ সাহিত্যের সন্ধান পাওয়া যায় সে সম্পর্কে আলোচনা করো।
- (খ) চৈতন্যজীবনী সাহিত্যের ইতিহাসে শ্রীচৈতন্যচরিতামৃতের গুরুত্ব আলোচনা করো।
- (গ) 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থটি সম্পর্কে যা জানো লেখো।
- (ঘ) মঙ্গলকাব্যের সাধারণ বৈশিষ্ট্য সম্বন্ধে তোমার অভিমত ব্যক্ত করো।
- (ঙ) ধর্মমঙ্গল কাব্যের ঐতিহাসিক উপাদানের পরিচয় দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) বিদ্যাপতির কবি প্রতিভার পরিচয় দাও।

(খ) রামায়ণের অনুবাদক রূপে কৃত্তিবাস ওঝার শ্রেষ্ঠত্বের কারণগুলি উল্লেখ করো।

(গ) মনসামঙ্গলের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কবিপ্রতিভার মাত্রাগুলি চিহ্নিত করো।

(ঘ) কবি মুকুন্দ চন্দ্রবর্তীর কাব্যবৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) বাংলা সাহিত্যে চর্যাপদের গুরুত্ব বুঝিয়ে দাও।
